দৈনিক বাংলা

তারিখ ... 04 JAN 1997
পৃঃ ২ কলাম ৭

12

# শিক্ষা ব্যবস্থায় গতি ফিরিয়ে আনতে শিক্ষা কমিটি গঠন করা হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেছেন, দেশের শিক্ষা ব্যবস্থায় গতি ফিরিয়ে আনতে শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে শীঘ্রই সরকার একটি শিক্ষা কমিটি গঠন করবে।

তিনি বৃহস্পতিবার ঢাকায় বাংলাদেশ উন্নয়ন পরিষদ কর্তৃক উচ্চ শিক্ষার ওপর আয়োজিত এক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। খবর তথ্য বিবরণীর।

সংসদ সদস্য নূরুল ইসলাম নাহিদ, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ ইকবাল মাহমুদ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আমিনুল ইসলাম, প্রাক্তন শিক্ষামন্ত্রী এম মজিদ খান, প্রফেসর এম মনিরুজ্জামান মিঞা, এ এন রাশেদা প্রমুখ এই গোলটেবিল বৈঠকে বক্তৃতা করেন।

প্রাক্তন ভাইস চ্যান্সেলর কাজী সালেহ আহমেদ মূল প্রবন্ধ উপস্থাপন করেন এবং উন্নয়ন পরিষদের চেয়ারম্যান ডঃ কাজী খালিকুজ্জামান বৈঠকে সভাপতিত্ব করেন।

শিক্ষামন্ত্রী বৈঠকের বিভিন্ন বক্তার বক্তব্য উদ্ধৃত করে বলেন, শিক্ষাঙ্গন থেকে ছাত্র রাজনীতি বন্ধ করা যাবে না কিন্তু শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করা যাবে। তিনি বলেন, আমরা সকলে আন্তরিক হলে শিক্ষাঙ্গনে সুন্দর রাজনীতি উপযোগী পরিবেশ গড়ে তোলা সম্ভব।

জনাব সাদেক বলেন, মুক্তিযুদ্ধ এখনও দেশের তরুণ সমাজের কাছে প্রিয় বিষয়। কারণ মুক্তিযুদ্ধ এখনও শেষ হয়নি। যেসব কারণে একাত্তরে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছিল সেসব কারণ সমাজ থেকে নির্মূল হয়নি বলে শিক্ষামন্ত্রী উল্লেখ করেন।

তিনি বলেন, নব্বই বছর পরেও জার্মানীতে এখনও যুদ্ধ অপরাধীদের ধরে আনা হচ্ছে। আমাদের দেশে এমন করে ঘটনাগুলো ঘটেনি। কিন্তু তারপরেও আমাদের নতুন প্রজন্ম নানা কারণেই গৌরবের ঘটনাবলী নিয়ে আলোড়িত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সংযোজনের ফলে দেশের ছাত্র সমাজের মধ্যে মননশীলতা জন্ম নেবে এবং ছাত্র সমাজ তাদের ঐতিহ্যে গর্বিত হবে।

তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে কেন্দ্র করে হাজার হাজার কোটি টাকা খরচ হচ্ছে, কিন্তু এর প্রতিদানে জাতি পাচ্ছে সেশনজট। তিনি দুঃখ করে বলেন, দ্রুতই সেশনজট দূর করে উন্নত শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা জাতির দীর্ঘদিনের প্রত্যাশা।